২৩

দৈনিক বাংলা

তারিখ ··· 13 MAR 1994
পৃষ্ঠা ··· ১ ··· কলাম ··· ৪

# সরকার শিক্ষাখাতকে সর্বাধিক গুরুত্ব দিয়েছে ঃ তথ্যমন্ত্রী

তথ্যমন্ত্রী ব্যারিস্টার নাজমুল হুদা বলেছেন, বর্তমান গণতান্ত্রিক সরকার শিক্ষাখাতে সর্বাধিক গুরুত্ব দিয়ে বিভিন্ন স্তরের শিক্ষা কার্যক্রম বাস্তবায়নে অগ্রাধিকার ভিত্তিতে ব্যাপক কর্মসূচী হাতে নিয়েছে। শিক্ষা প্রসারের প্রধান লক্ষ্য উল্লেখ করে তিনি বলেন, দেশের বিশাল জনগোষ্ঠীকে ব্যাপক জনসম্পদে পরিণত করা এবং নিরক্ষরতা দূর করে দেশের

( ৩-এর পৃঃ ৬-এর কঃ দ্রঃ )

(প্রথম পৃষ্ঠার পর) **তথ্যমন্ত্রী**

জনগণকে জনসম্পদ হিসাবে গড়ে তুলতে হবে যাতে তারা শুধু দেশেই নয় সারা বিশ্বে মূল্যবান অবদান রাখতে পারে। এ প্রসঙ্গে তিনি বিদেশে কর্মরত বাংলাদেশী চিকিৎসক, প্রকৌশলী, টেকনিশিয়ান ও দক্ষ জনশক্তির উল্লেখ করে দেশের সম্পদ বৃদ্ধিতে তাঁদের মূল্যবান অবদানের কথা স্মরণ করেন।

মন্ত্রী শনিবার মীরপুর বাংলা কলেজের ছাত্র সংসদ আয়োজিত এক আলোচনা সভা, মিলাদ ও ইফতার অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করছিলেন। খবর তথ্য দফতরের বিজ্ঞপ্তির।

সংসদ সদস্য সৈয়দ মোহাম্মদ মহসীন, মীরপুর থানা বিএনপির সাধারণ সম্পাদক মীর সরওয়ার আলী মিন্টু, ছাত্রদল কেন্দ্রীয় নেতা মুন্সী ফজলুল বাসেদ আঞ্জু, নূরুন্নবী চৌধুরী, আনসার আলী খান, কাজী আজিজুল হাকিম, নবনির্বাচিত ওয়ার্ড কমিশনার শওকত আলী মিষ্টার, বাংলা কলেজের ছাত্র সংসদের ভিপি মামুনুর রশীদ অপু, জিএস তারেক ইকবাল শামীম, এজিএস শামীম পারভেজ ও খলিলুজ্জামান প্রমুখ বক্তৃতা করেন। বাংলা কলেজের অধ্যক্ষা জাহানারা হক এ অনুষ্ঠানে সভানেতৃত্ব করেন।

মন্ত্রী বলেন, বাংলাদেশে স্বৈরাচারী আমলে সেশন জট হওয়ার কারণে আমাদের দেশে একটি জেনারেশন গ্যাপ হয়েছে। এ ঘাটতি পূরণে ছাত্রদেরকে কঠোর পরিশ্রম করতে হবে এবং বিভিন্ন কর্মক্ষেত্রে শূন্যতা পূরণ করতে হবে। তিনি ছাত্রদের শিক্ষাগ্রহণে আন্তরিকভাবে মনোনিবেশ করার আহবান জানান।

তিনি বর্তমান গণতান্ত্রিক ব্যবস্থায় সাংবিধানিক প্রক্রিয়া অব্যাহত রাখার উপর জোর দিয়ে বলেন, বর্তমান সরকার ব্যবস্থা জনগণের ইচ্ছার উপর নির্ভরশীল এবং জনগণ সংবিধান সম্মত উপায়ে দেশের শাসন ব্যবস্থায় তাদের রায়ের প্রতিফলন ঘটাতে সক্ষম। এ কারণে এখন আর আন্দোলনের প্রয়োজন নেই বলে তিনি উল্লেখ করেন। তিনি বলেন, জাতীয় সমস্যা নিরসনে গণতান্ত্রিক সাংবিধানিক ব্যবস্থাই যথেষ্ট।

ঐতিহাসিক বাংলা কলেজে অনার্স কোর্স চালু, সীমানা দেয়াল নির্মাণ, নিজস্ব বাসের ব্যবস্থা, বিশ্ববিদ্যালয় কলেজে উন্নীত করা ইত্যাদি দাবির প্রেক্ষিতে বলেন, সীমিত সম্পদ দিয়ে পর্যায়ক্রমে এসব দাবি পূরণ করা হবে।